



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রিটার্নিং অফিসারের কার্যালয়, ভোলা
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.bhola.gov.bd




জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অধিব জরুরি

“বিজ্ঞপ্তি”

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠেয় নির্বাচন উপলক্ষে ভোলা জেলার ৪টি নির্বাচনি এলাকা ও ভোটকেন্দ্র হতে সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য ভোলা জেলায় কর্মরত/দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যমকর্মীদের সাংবাদিক কার্ড, গাড়ির স্টিকার এবং টেলিভিশন সাংবাদিকদের সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত আবেদন আগামী ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে রিটার্নিং অফিসার, ভোলা বরাবর এ কার্যালয়ের সাধারণ শাখায় (কক্ষ নং-২১৬) নিম্নোক্ত ছকে চাহিত তথ্যাদিসহ দাখিল করতে হবে।

ক্রমিক	আবেদনকৃত কার্ডের ধরণ	আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র
০১.	স্থানীয় সাংবাদিক/গণমাধ্যমকর্মী: ক. প্রিন্ট মিডিয়া: ডিক্লারেশন প্রাপ্ত এবং নিয়মিত প্রকাশিত দৈনিক, সাপ্তাহিক,পাঞ্চিক প্রভৃতি; খ. টেলিভিশন: অনুমোদিত টেলিভিশন চ্যানেল যা বাংলাদেশ হতে প্রচারিত হয়; গ. অনলাইন নিউজ পোর্টাল: অনুমোদিত অনলাইন নিউজ পোর্টাল; ঘ. আইপিটিভি: অনুমোদিত ইন্টারনেটভিত্তিক টেলিভিশন; ঙ. ফ্রি-ল্যান্স সাংবাদিক: তথ্য অধিদপ্তরের সাংবাদিক পাশধারী (PID Accreditation)	সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত প্রতিষ্ঠান হতে এ্যাসাইনমেন্টকৃত সাংবাদিক/ গণমাধ্যমকর্মী এবং সাপোর্ট স্টাফদের নাম, প্রতিষ্ঠানের সাংবাদিক পরিচয়পত্র/ পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজ রশ্মিন ছবি।
০২.	সাপোর্ট স্টাফ: টেলিভিশনের সাংবাদিকদের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য যে সকল সাপোর্ট স্টাফ (ইঞ্জিনিয়ার, টেকনিশিয়ান) নিয়োজিত থাকবেন; তাদেরকে সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড প্রদান করা হবে।	
০৩.	গাড়ির স্টিকার: সাংবাদিকদের যাতায়াতের জন্য যৌক্তিক সংখ্যক গাড়ির স্টিকার প্রদান করা হবে।	সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্র, প্রেস আইডির কপি, এনআইডির কপি,যে মোটরসাইকেল ব্যবহার করা হবে তার রেজিস্ট্রেশনের কাগজপত্র, ড্রাইভিং লাইসেন্স এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র।

উপরিউক্ত নির্দেশনা মোতাবেক আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সংবাদ সংগ্রহে ভোলা জেলার স্থানীয় সাংবাদিক/গণমাধ্যমকর্মী ও টেলিভিশন সাংবাদিকদের সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড এবং গাড়ির স্টিকার প্রাপ্তির আবেদন আহবান করে বিজ্ঞপ্তি জারি করা হলো।


(আরিফুর্রহমান) ২০/১২/২০২৩
জেলা প্রশাসক, ভোলা

ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
ফোন নং : ০২৪৭৮৮৯৪৪০০
ই-মেইল: dcbhola@mopa.gov.bd